# একজন কৃষকের গবেষক হওয়ার গল্প ঃ

জনাব ডাঃ মোঃ আনোয়ার হোসেন, পিতাঃ মৃত-ডাঃ আলাউদ্দিন সরকার, গ্রাম ঃ বাসুদেবপুর, ইউনিয়ন ঃ আলাদীপুর, উপজেলা ঃ ফুলবাড়ী, জেলা ঃ দিনাজপুর পেশায় একজন পল্লী চিকিৎসক এবং কৃষক। তিনি বাংলাদেশে যখন প্রথম দিকে কম্বাইন হারভেস্টর এর ব্যবহার শুরু হয় তখন ২০০৬ সালে ০১টি কোরিয়ান Recondition কম্বাইন হারভেস্টর কিনেন এবং ব্যবহার করেন। এরপর ২০০৭ সালে আরও ০৫ টি কোরিয়ান কম্বাইন হারভেস্টর কিনেন এবং ভাড়ায় ব্যবহার করেন। এগুলো ব্যবহার করতে গিয়ে তিনি বিভিন্ন সমস্যায় পরেন। কম্বাইন হারভেস্টরের Mechanism কঠিন হওয়ায় তিনি ২০১১ সালে নিজস্ব প্রযুক্তিতে উদ্ভাবন করার কার্যক্রম শুরু করেন। দিন রাত কঠোর পরিশ্রম করে তিনি ২০১৩ সালের ডিসেম্বরে নিজস্ব কারখানায় কম্বাইন হারভেস্টর দেশীয় পদ্ধতিতে তৈরী করেন এবং “বঙ্গবন্ধু জাতীয় কৃষি পুরষ্কার-২০১৩” এ রৌপ্য পদক পান। এছাড়া তিনি ধান মাড়াই মেশিন, ঝাড়াই মেশিন, ভূট্রা মাড়াই মেশিন আবিষ্কার করেন এবং যা এখন ব্যবহার হচ্ছে। তিনি ২০১৬ সালে ডিজিটাল পদ্ধতিতে তৈরী রিমোট কন্ট্রোল দ্বারা পরিচালিত হাইব্রিড “আনোয়ার এক্রেল পাওয়ার টিলার আবিষ্কার” করেন। যাহা খুবই কার্যকর একটি শক্তিশালী জমি কর্তনের ডিভাইস। এই আবিষ্কারের ফলে ৩৮তম জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি সপ্তাহ এবং বিজ্ঞান মেলা-২০১৭ ব্যক্তিগত উদ্যেগে আবিষ্কারের জন্য বিশেষ শাখায় জাতীয় পুরষ্কার পান। তিনি ব্যক্তিগতভাবে আরও নতুন নতুন আবিষ্কারের জন্য প্রচেষ্টা চালিয়ে যাচ্ছেন। এভাবেই তিনি কৃষক থেকে গবেষকে পরিণত হন।



**চিত্র : রিমোট কন্ট্রোল দ্বারা পরিচালিত হাইব্রিড “আনোয়ার এক্রেল পাওয়ার টিলার ”**